গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৭৯ তারিখ: ৩০ মাঘ ১৪২৬
১৩ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমূদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**আজ ১৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
**দেশের অভ্যান্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নাই এবং কোনো সংকেত দেখাতে হবে না।**

**আজ সকাল ০৬ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ উপমহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।**

**পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।**

**কুয়াশাঃ ভোরের দিকে সারাদেশের বিভিন্ন স্থানে হালকা কুয়াশা পড়তে পারে।**

**শৈত্যপ্রবাহ: রাজশাহী, পাবনা, পঞ্চগড়, কুড়িগ্রাম, যশোর, চুয়াডাঙ্গা ও বরিশাল অঞ্চলসমূহের উপর দিয়ে শৈত্যপ্রবাহ অব্যাহত থাকতে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।**

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৭.১ | ২৬.৫ | <u>২৯.০</u> | ২৮.৮ | ২৬.৯ | ২৭.৬ | ২৭.২ | ২৭.৬ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১০.২ | ১৩.০ | ১১.৪ | ১০.৬ | ০৯.৪ | <u>০৭.৫</u> | ০৮.৮ | ১০.০ |

**গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল কক্সবাজার ২৯.০° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ০৭.৫°সেঃ।**

অগ্নিকান্ডঃ
**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ১১/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১২/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৮ | ৪ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ৩ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৫ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৩ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৪ | ০ | ১ |
| ৮। | খুলনা | ৭ | ০ | ০ |
| | **মোট** | **৩০** | **৪** | **১** |

## উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

**১। টাঙ্গাইলঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স থেকে টেলিফানের মাধ্যমে জানা গেছে যে, গতকাল ১২/০২/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ২.০০ টায় ভুয়াপুর, টাঙ্গাইলে গ্যাস সিলিন্ডার লিক হয়ে চা দোকানে অগ্নিকান্ড সংঘটিত হয়। অগ্নিকান্ডের ফলে শুকুল মিয়া (৩০), গফুর মিয়া (৪০), শোভন চন্দ্র দাশ (৩০) এবং রুবেল (৩৮) নামের চারজন আহত হয়েছে।

**২। কুমিল্লাঃ** জেলা প্রশাসন, কুমিল্লা স্মারক নং-৫১.০১.১৯০০.০২৫.৪০.০০২.১৯.১৬০; তারিখঃ ১২/০২/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছে যে, গতকাল ১১/০২/২০২০ খ্রিঃ তারিখ রাত আনুমানিক ১১.৪৫ ঘটিকায় লাকসাম উপজেলাধীন ৪ নং কান্দিরপাড় ইউনিয়নের নৈরপাড় টাওয়ার বাজারে বৈদ্যুতিক শর্ট সার্কিট হতে সংঘটিত আকষ্মিক অগ্নিকান্ডে ০২ জন দোকান মালিক ও ০৫ জন ভাড়াটিয়া ব্যবসায়ীর মোট ০৭ টি দোকানঘর এর ফার্নিচারসহ অন্যান্য মালামাল সম্পূর্ণরুপে ভষ্মীভূত হয়। সংঘটিত অগ্নিকান্ডে ভষ্মীভূত দোকানে ঘুমন্ত অবস্থায় নাইমুল আলম (১৬), পিতা- শেখ শহিদুল আলম (মুরাদ), গ্রাম- রামচন্দ্রপুর, ইউপি- কান্দিরপাড়, লাকসাম আগুনে পুড়ে মারা যায়। তাৎক্ষণিকভাবে মানবিক সহায়তা হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক নিহত ব্যক্তির পরিবারের সহায়তা বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে।

## ট্রলারডুবি (জেলাভিত্তিক তথ্য):

**১। কক্সবাজারঃ** জেলা প্রশাসন, কক্সবাজার স্মারক নং-০৫.২০.২২০০.১০১.০০১.০০১.১৮; তারিখঃ ১১/০২/২০২০ খ্রিঃএর মাধ্যমে জানিয়েছে যে, ১১/০২/২০২০ খ্রিঃ তারিখ আনুমানিক সকাল ৭.০০ টায় সাগর পথে ১২০ জন রোহিঙ্গা অবৈধভাবে মালয়শিয়া যাওয়ার পথে রোহিঙ্গাবাহী ট্রলারটি কক্সবাজার জেলার টেকনাফ সেন্টমার্টিনদ্বীপ সংলগ্ন সাগরে দূর্ঘটনায় পতিত হয়। ট্রলার ডুবিতে ১৫ জন রোহিঙ্গা আরোহী নিহত হন যার মধ্যে ১৪ জন নারী, ০১ জন পুরুষ ও ০১ জন শিশু রয়েছে। ময়নাতদন্তের জন্য মৃতদেহগুলো কক্সবাজার সদর হাসপাতালে নিয়ে আসা হয়েছে। ট্রলার ডুবির ঘটনায় জীবিত উদ্ধার হয়েছে ৭২ জন। উদ্ধারকৃত ৭২ জনের মধ্যে ২ জন বাংলাদেশী (পাচারকারী) রয়েছে। উদ্ধারকৃতদের সেন্টমার্টিনস্থ ইউনিয়ন উপ-স্বাস্থ্যকেন্দ্রে প্রাথমিক চিকিৎসাসেবা গ্রহণের পর টেকনাফে নিয়ে আসা হয়েছে এবং টেকনাফ থানায় সোপর্দ করা হয়েছে। বাংলাদেশ নৌবাহিনী ও কোস্টগার্ডের সহায়তায় উদ্ধার অভিযান পরিচালনা করা হয়েছে। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে এবং উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে।

১৩-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৭৯/১

তারিখ: ৩০ মাঘ ১৪২৬
১৩ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২) পরিচালক (সকল)

৩) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৪) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

৫) উপ-পরিচালক (সকল)

৬) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৩-২-২০২০
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)